ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৯৯
কমলপুর, ৩ আগস্ট, ২০২৫

**কমলপুর কে সি গার্লস দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ক্রিকেট মাঠের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী**
**রাজ্যের বর্তমান সরকার প্রতিভাবান খেলোয়াড়দের যথাযথ মর্যাদা দেওয়ার পাশাপাশি তাদের জন্য উপযুক্ত ক্রীড়া পরিকাঠামো তৈরি করে দিচ্ছে**

রাজ্যের বর্তমান সরকার প্রতিভাবান খেলোয়াড়দের যথাযথ মর্যাদা দেওয়ার পাশাপাশি তাদের জন্য উপযুক্ত ক্রীড়া পরিকাঠামো তৈরি করে দিচ্ছে। ফলে রাজ্যের ছেলেমেয়েদের মধ্যে খেলাধুলার প্রতি আগ্রহ আরও বাড়ছে। আজ কমলপুর কে সি গার্লস দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ক্রিকেট মাঠের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, বিগত সরকারের সময়কালে রাজ্যের প্রতিভাবান খেলোয়াড়দের সেরকম সুযোগ দেওয়া হত না। ফলে খেলাধুলার প্রতি তাদের আগ্রহ হারিয়ে ফেলেছিল। বর্তমান রাজ্য সরকার খেলাধুলা নিয়ে কোন ধরণের পক্ষপাতিত্ব করেনা। যোগ্য এবং প্রতিভাবান খেলোয়াড়দের জাতীয় এবং আন্তর্জাতিকস্তরে প্রতিভা বিকাশের সুযোগ করে দেওয়া হচ্ছে। ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনও দলমত নির্বিশেষে প্রতিভাকে গুরুত্ব দিয়ে কাজ করছে। বর্তমান সরকার খেলাধুলার পাশাপাশি স্বচ্ছ নিয়োগ নীতির মাধ্যমে চাকুরি প্রদান করছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ছেলেমেয়েদের মধ্যে প্রতিভার কোন অভাব নেই। বর্তমানে রাজ্যের ছেলেমেয়েরা খেলাধুলাতে জাতীয়স্তরে তাদের কৃতিত্বের পরিচয় দিচ্ছে। রাজ্য সরকার রাজ্যের প্রতিটি মহকুমাতে ১টি করে ক্রিকেট খেলার মাঠ তৈরি করার উদ্যোগ নিয়েছে। এরফলে প্রত্যন্ত এলাকায়ও প্রতিভাবান খেলোয়াড় তৈরি হবে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে ভাষণ রাখতে গিয়ে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায় বলেন, মুখ্যমন্ত্রীর নেতৃত্বে রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর ব্যাপক উন্নয়ন হয়েছে। রাজ্যে ৯টি সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠ তৈরি করা হয়েছে। ফুটবল মাঠের পাশাপাশি ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের উদ্যোগে ক্রিকেট মাঠও তৈরি করা হচ্ছে। তিনি বলেন, ছাত্রছাত্রীদের খেলাধুলার প্রশিক্ষণের জন্য বিভিন্ন বিদ্যাজ্যোতি স্কুলগুলিতে ১০০ জন শারীর শিক্ষক নিয়োগ করা হয়েছে। এছাড়া আরও ৩০০ জন শারীর শিক্ষক নিয়োগের প্রক্রিয়া চলছে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক মনোজ কান্তি দেব এবং ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সচিব সুব্রত দে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের ভাইস প্রেসিডেন্ট উপানন্দ দেববর্মা এবং কমলপুর ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি রাজেন্দ্র দাস। এছাড়াও মুখ্যমন্ত্রী আজ কমলপুর ক্রিকেট মাঠে বেঙ্গল টাইগার ও ত্রিপুরা ক্রিকেট একাদশের মধ্যে টি-১০ প্রীতি ক্রিকেট ম্যাচের উদ্বোধন করেন।

********